Registered
No. C. 853

## জঙ্গিপুর সংবাদের নিয়মাবলী

বিজ্ঞাপনের হার প্রতি সপ্তাহের জন্য প্রতি লাইন ।৵০ আনা, এক মাসের জন্য প্রতি লাইন প্রতি বার ।০ আনা, ১৲ এক টাকার কম মূল্যে কোন বিজ্ঞাপন প্রকাশিত হয় না। স্থায়ী বিজ্ঞাপনের দর পত্র লিখিয়া বা স্বয়ং আসিয়া করিতে হয়।

ইংরাজী বিজ্ঞাপনের চার্জ্জ বাংলার দ্বিগুণ

সডাক বার্ষিক মূল্য ২৲ টাকা

নগদ মূল্য ⁄০ এক আনা।

শ্রীবিনয়কুমার পণ্ডিত, রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র

হাতে কাটা
বিশুদ্ধ পৈতা
পণ্ডিত-প্রেসে পাইবেন।

**চক্রবর্ত্তী সাইকেল ষ্টোর**

সাইকেল, টায়ার, টিউব, হাসাগ, গ্রামোফোন প্রভৃতি পার্টস্ বিক্রেতা ও মেরামতকারক। নির্দ্ধারিত সময়ে সাইকেল সরবরাহ করা হয়।

রঘুনাথগঞ্জ মেছুয়াবাজার (কদমতলা)

৪২শ বর্ষ | রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ—৯ই ফাল্গুন বুধবার ১৩৬২ ইংরাজী 22nd Feb. 1956 | ৩৯শ সংখ্যা




**দূরের মানুষ কাছে হয়**
**ফটো যদি সঙ্গে রয়**

রঘুনাথগঞ্জ কাপড়ে পটীতে শ্রীঅরুণ ব্যানার্জ্জীর ষ্টুডিওতে অনুসন্ধান করুন।

---

স্বর্গীয় সতীশচন্দ্র সরকার মহাশয়ের প্রতিষ্ঠিত

## হ্যানিম্যান হল

**মুর্শিদাবাদ জেলার আদি ও শ্রেষ্ঠতম হোমিও প্রতিষ্ঠান**

এখানে দি মডার্ণ হোমিও রিসার্চ ইন্‌ষ্টিটিউট কোম্পানী কর্ত্তৃক আবিষ্কৃত যাবতীয় হোমিও ইন্‌-জেকশান এবং পেটেণ্ট ঔষধ কোম্পানীর দরে বিক্রয় হয়। ব্যবহারে ফল সুনিশ্চিত। এই মাত্র বাহির হইল ডাঃ সতীশচন্দ্র সরকার মহাশয় কৃত হোমিও ও বাইওকেমিক মতে "বসন্ত চিকিৎসা" মূল্য মাত্র আট আনা।

হ্যানিম্যান হল
খাগড়া, মুর্শিদাবাদ।

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

জঙ্গিপুর সংবাদ

৯ই ফাল্গুন বুধবার সন ১৩৬২ সাল।

## নাটকীয় মিলন

থিয়েটার বা যাত্রা প্রায় সকলেই দেখিয়াছেন; ও শুনিয়াছেন। যাহারা অভিনেতা তাহারা একই দলের অধিকারীর নিকট মাসিক বেতন পাইয়া থাকেন। অধিকারী মহাশয় যোগ্যতা অনুসারে এক এক জনকে এক এক চরিত্রের অভিনয় করিবার জন্য নির্দ্দেশ দেন। চারি পাঁচ মাস ধরিয়া যে পালা অভিনয় করিতে হইবে তাহার রিহার্স্যাল বা মহরা দিতে হয়। মহরায় কেউ পোষাক পরিচ্ছদ পরে না। যে দিন আসরে অভিনয় করিতে হয়, সেই দিন যার যে ভূমিকা অভিনয় করিতে হয়, সে সেই ব্যাক্তির পোষাক পরিচ্ছদ পরিয়া আসরে অবতীর্ণ হয়। আমরা নিম্নে এক আসরের কথা বর্ণনা করিতেছি—আসরে অর্জ্জুন ও শ্রীকৃষ্ণ দণ্ডায়মান। হঠাৎ মধ্যম পাণ্ডব ভীম গদা হস্তে আসরে প্রবেশ করিয়া বক্তৃতা সুরু করিল।

ভীম—অর্জ্জুন! অর্জ্জুন!! সরে আয়, সরে আয়। কাল বিষধর সর্পের নিকটে থাকিস্ নে। তুই মনে করিস্ ওটা পাণ্ডবের সখা? ওর মত পাণ্ডবের বিষম শত্রু আর কে আছে? তুই ছেলে মানুষ কি বুঝবি, বুঝি আমি। ওর উদ্দেশ্য হচ্ছে—কুরু পাণ্ডবে বিবাদ বাধিয়ে দিয়ে, উভয় কুলের ধ্বংস সাধন করে, নিজে সসাগরা পৃথিবীর একছত্র অধিপতি হবে। বলি কৃষ্ণরে! তোর মনে যদি এই ছিল ভাই, —যে আমি রাজা হব। হা রে যে পাণ্ডব স্বীয় রাজ্য পরিত্যাগ ক'রে দ্বাদশ বৎসরের জন্য বনে বনে ভ্রমণ ক'রে এলো, সে কি তোর ঐ পাদ-পঙ্কজে এ রাজ্য সমর্পণ করতে ক্ষণকালের জন্য কুণ্ঠা বোধ করতো?

শ্রীকৃষ্ণ—মধ্যম দাদা মশায় গো! আপনাদের এক একটি ভক্তিপূর্ণ বাণী এই কৃষ্ণের হৃদয়ে শত সহস্র শেল সম বিদ্ধ হচ্ছে। তাই বলি দাদা এই নরাধম কৃষ্ণকে ক্ষমা করুন।

ভীম—নীলমণি রে! তোর তো ঐটুকুই গুণ ভাই! যখন দুটো কথা কড়া ক'রে বলি তখনই বলিস্ অপরাধ হয়েছে ক্ষমা করুন। ভাই রে তোর মত ধন যদি পাই, তবে রাজ্যধন কোন্ ছার? জীবন-ধন পর্য্যন্ত পরিত্যাগ করতে ভীম এখনই প্রস্তুত। (হস্ত প্রসারণ করিয়া) আয়! একবার কোলে আয়! এসে ভীমের তাপিত হৃদয় শীতল কর্।

(উভয়ে আলিঙ্গনাবদ্ধ)

ভীম যে দলের বেতনভোগী, কৃষ্ণ ও অর্জ্জুন সেই দলেরই মাইনে খায়। এক দলেরই লোক পরস্পর বিবদমান ভূমিকা লইয়া বিরোধ করিয়া থাকে। অভিনেতাদের কথা শুনিলেন এবার নেতাদের কথা শুনুন—বাংলার মুখ্যমন্ত্রী ডাঃ রায়, অতুল্য ঘোষ শ্রীকৃষ্ণ সিংহ (বিহারের মুখ্যমন্ত্রী) সকলেই এক কংগ্রেসের দলের বেতনভোগী রাজনীতিক নেতা। ক'দিন আগে অতুল্য ঘোষ আসরে কি ভীমের বক্তৃতা করিয়া লোককে চমৎকৃত করিয়াছিলেন। আজ ভীম ও শ্রীকৃষ্ণের মিলনের মত উভয় মুখ্যমন্ত্রী ডাঃ রায় ও ডাঃ সিংহ পরস্পর আলিঙ্গনাবদ্ধ হ'য়ে কি অবিচ্ছেদ্য মিলনের অভিনয় করিতেছেন? এই যে কলহ ও বাগ্‌বিতণ্ডা এবং মিলন কি এই সব কংগ্রেসী অভিনেতাদের রিহার্স্যাল দেওয়া ছিল? মনে হয় ছিল। নইলে অত জ্বলন্ত আগুন বিনা দমকলেই যেন নিভে গেল।

## শঙ্করের ত্রিশূল

সম্প্রতি বিধান সভায় কংগ্রেসী এম, এল, এ, শ্রীশঙ্কর মিত্র যে হাঁড়ি সভার মাঝে ভাঙিতে শুরু করিয়াছেন। শঙ্করের ত্রিশূলের খোঁচা ইতিমধ্যেই অনেককে ব্যথিত করিতে শুরু করিয়াছে। শঙ্করজী যে অভিনয় করিতেছেন তা তাঁহার অতি বড় শত্রুও প্রশংসা না করিয়া পারিবেন না। শোনা যাইতেছে আমাদের পশ্চিম বাংলার নির্ব্বাচকমণ্ডলীর বহু প্রতিনিধিই এই শঙ্করের মতাবলম্বী হইয়াছেন। আগে থেকে কিছু বলা যায় না। রাবণ রণে হত হওয়ার পর যখন দেবতারা আনন্দ কোলাহল করছিলেন তখন সুচতুর গ্রহদেবতা শনি বলিয়াছিলেন—

"আগে দেখে তার সপিণ্ডকরণ
তার পরে রটাবে মরণ।"

## সংবাদপত্রের বিপদ

আমরা অন্যের কথা কইব না। নিজের দুঃখের কথাই বলে' বিপদের বর্ণনা করবো। কাঠের প্রেসে "জঙ্গিপুর সংবাদ" ছাপতে আরম্ভ করি। চৌকীর স্থাবর সম্পত্তি নিলামের বিজ্ঞাপন ছেপে দিন গত পাপক্ষয় করার মতলবে। এক মহকুমা শাসক একবার কাউকে কোন রসিদ না দিয়েই সাধারণের কাছে নানা বাবদে নগদ টাকা চাঁদা আদায় আরম্ভ করলেন। সহরের প্রধান প্রধান কয়েক জন লোক বললেন—এই অন্যায় যদি কাগজে না ছাপো তবে আমরা তোমার কাগজ নেবো না। নিলামের বিজ্ঞাপন জজ সাহেবের হাতে। জজ সাহেব আবার মহকুমা শাসকের কুটুম্ব। বিজ্ঞাপনের মায়া করলে এ সংবাদ ছাপা বিপজ্জনক। আবার না ছাপলেও লোকের কাছে মান থাকে না। ঠিক

"যাই যদি রাজা বধে,
না গেলে ভুজঙ্গ।
সীতা হরণেতে যথা
মারীচ কুরঙ্গ।"

চোক মুখ বুজে দিলাম বিনা রসিদে চাঁদা আদায় খবর ছেপে। এক হপ্তার মধ্যে মুন্সেফ বাবুর মাধ্যমে হুকুম এলো "জঙ্গিপুর সংবাদে" নিলামের বিজ্ঞাপন ছাপা বন্ধ। কিছু দিন "হা অন্ন, হা অন্ন," করে আবার হারানিধি ফিরে পাওয়া গেল। তখনকার কাউন্সিলেও সে প্রশ্ন দিবার আয়োজন করতে হ'য়েছিল। এই যে মার্জ্জার অর্থাৎ বিল্লীর লেজ আছে দিল্লী পর্য্যন্ত লম্বা। আবার দু'জন এম-এল-এ আমাদের "হাঁ/না" উত্তর চেয়ে অনেকগুলি প্রশ্ন করেছেন। জানি না হয় তো 'হাঁ' বল্লে গ্রাহকেরা কাগজ নেওয়া বন্ধ করবেন, না বল্লে প্যায়দা বাবার

ভয়। আমরা মাননীয় সদস্যদ্বয়কে বলি—মহাশয়গণ! দেশের ইত্যাদি লোক সব দরবারে আপনাদের প্রতিনিধি নির্ব্বাচন ক'রে পাঠিয়েছেন। মুখ্য মন্ত্রী মহাশয়, দেশের মুরুব্বি আপনাদেরও এই এত বড় একটা কাজ অর্থাৎ **য়্যাসিড্ ও য়্যালক্যালী** মিশিয়ে এক উপাদেয় বস্তু তৈরীর ব্যবস্থা করলেন তাতে সাধারণকে পোঁছা দূরের কথা আপনাদেরও পুঁছলেন না! আপনারা 'হাঁ/না" চাইছেন কেন? আমাদের কাঙ্গালের রুজি বিজ্ঞাপনের হানি এ হাঁ/না-র উপর নির্ভর করছে না তো? যদি সাধারণের মত জানাই এর উদ্দেশ্য হয়, তবে মার্জ্জারের আগে নেওয়া উচিত ছিল না কি?

নির্ব্বাণ-দীপে কিমু তৈলদানং,
চৌরে গতে বা কিমু সাবধানং।
বয়ো গতে কিং বনিতা-বিলাসঃ
পয়োগতে কিং খলু সেতুবন্ধঃ॥

---

## আবৃত্তি ও সঙ্গীত প্রতিযোগিতা

গত ৫ই ফাল্গুন শনিবার জঙ্গিপুরের মুন্সেফ শ্রীসুধীন্দ্রমোহন গুহ মহাশয়ের সভাপতিত্বে পথ-নির্ম্মাণ বিভাগের সরস্বতী পূজা উপলক্ষে সঙ্গীত ও আবৃত্তি প্রতিযোগিতা অনুষ্ঠিত হইয়াছে। কলিকাতার 'যুগবাণী' পত্রিকার সম্পাদক শ্রীদেবজ্যোতি বর্ম্মণ মহাশয় উক্ত সভায় প্রধান অতিথির আসন গ্রহণ করেন। বিভিন্ন বিভাগে মোট ২০ জনকে পুরস্কার দেওয়া হইয়াছে। সভাস্থলে বহু ভদ্রমহোদয়, মহিলা এবং ছাত্র-ছাত্রী সমবেত হইয়াছিলেন।

---

## ভেজাল তৈলে দণ্ড

বিগত ১৯৫৪ সালে অরঙ্গাবাদের প্রিন্টার্স এণ্ড মার্চ্চেন্টস্ এর তেল কল হইতে জেলা বোর্ডের স্বাস্থ্য পরিদর্শক তেলের নমুনা লয়েন। পরীক্ষায় উক্ত তৈলে ভেজাল আছে প্রমাণিত হয়। বিবাদী-পক্ষ দীর্ঘকাল মোকর্দ্দমা চালাইয়া শেষে অপরাধ স্বীকার করিয়াছেন। জঙ্গিপুরের সব-ম্যাজিষ্ট্রেট চারি জন আসামীর প্রত্যেককে ২৫৲ টাকা করিয়া অর্থ দণ্ডে দণ্ডিত করিয়াছেন। এই মোকর্দ্দমায় জেলা বোর্ডের বহু অর্থ ব্যয় ও কর্ম্মচারিগণ হয়রাণ হইয়াছেন বলিয়া প্রকাশ।

---

## "সুবর্ণরেখা"

ভারতীয় সাহিত্যিক সঙ্ঘের কর্ম্ম পরিষদের উদ্যোগে সর্ব্বভারতীয় পটভূমিকায় "সুবর্ণরেখা" নামে যে সুবৃহৎ উপন্যাস রচনার কাজ আরম্ভ হইয়াছে তাহাতে উক্ত সঙ্ঘের সাধারণ সম্পাদক ঔপন্যাসিক শ্রীসুধাংশুকুমার রায় চৌধুরীর অসামান্য কর্ম্মদক্ষতা ও সাহিত্য সাধনার একনিষ্ঠার নিদর্শন পাওয়া গিয়াছে। ভারতীয় সাহিত্যিক সঙ্ঘের ২০ জন ভিন্ন ভাষাভাষী সম্পাদকের সহযোগিতায় যে বিরাট উপন্যাস প্রকাশের আয়োজন হইতেছে তাহা অনুমান প্রতি খণ্ড ৭০০ পৃষ্ঠাব্যাপী এবং ১২ খণ্ডে সম্পূর্ণ হইবে। ভারতীয় সাহিত্যিক সঙ্ঘের সূচনা হইতে তাহার ক্রমবর্দ্ধমান অবস্থা এবং উপন্যাসের উপাদান সংগ্রহের কাহিনী পরিশিষ্ট খণ্ডে থাকিবে। আসাম হইতে পেশোয়ার এবং হিমালয় হইতে কন্যা কুমারিকা পর্য্যন্ত বিরাট অঞ্চলের সামাজিক, রাজ-নৈতিক, কৃষ্টি, সভ্যতা, সংস্কৃতি এবং পল্লী ও সহর জীবনের ঘটনাবহুল বিচিত্র নায়ক নায়িকার কাহিনীতে পর্য্যবসিত থাকিবে। এই বিরাট উপ-ন্যাসের প্রতিটি খণ্ড স্বয়ং সম্পূর্ণ। ইহা ভারতীয় অন্যান্য ভাষায় বিভাগীয় সম্পাদক কর্ত্তৃক অনূদিত হইয়া উপন্যাস আকারে প্রকাশিত হইবে। বিদেশী ভাষায় অনুবাদের চেষ্টাও চলিতেছে। ইতিমধ্যে শ্রীসুধাংশুকুমার রায় চৌধুরী বিভিন্ন সভা-সমিতিতে "ভারতীয় সাহিত্য ও সাহিত্যিক" সম্বন্ধে কতকগুলি বক্তৃতা দিয়াছেন। উপন্যাসখানি প্রকাশিত হইলে ভারতীয় সাহিত্যে সর্ব্ববৃহৎ উপন্যাস হইবে বলিয়া মনে হয়। ৩৩এ, মদন মিত্র লেন, কলিকাতা—৬, অথবা ফোন :—বড়বাজার ২০৩৯ ঠিকানায় যোগা-যোগ কারলে সবিশেষ জানা যাইবে। আমরা লেখকের এই প্রশংসনীয় উদ্যমের জন্য ধন্যবাদ ও অভিনন্দন জানাইতেছি।

---

## বিনা মেঘে বজ্রাঘাত ডাঃ মেঘনাদ সাহার জীবনাবসান

বিশ্ববিখ্যাত বৈজ্ঞানিক ও বিশিষ্ট জননায়ক ডাঃ মেঘনাদ সাহা এম-পি গত ১৬ই ফেব্রুয়ারী বেলা ১০-১৫ মিনিটে নয়াদিল্লীতে অকস্মাৎ পরলোক গমন করিয়াছেন। নয়াদিল্লী হইতে সন্ধ্যার সময় একটী বিশেষ বিমানে করিয়া ডাঃ মেঘনাদ সাহার মৃতদেহ কলিকাতায় লইয়া আসা হয়। এই সংবাদ এখানে রেডিওযোগে পৌঁছিলে সমগ্র সহরে এক নিদারুণ শোকচ্ছায়া নামিয়া আসে। সন্ধ্যায় বিভিন্ন বাণী পূজা-মণ্ডপে যে সব সঙ্গীত, অভিনয় বা বিচিত্রানুষ্ঠানের কর্ম্মসূচী ছিল অনুষ্ঠানের উদ্যোক্তা-গণ তাহাও বন্ধ করিয়া দিয়া এই বিশিষ্ট বৈজ্ঞানিকের প্রতি শ্রদ্ধা নিবেদন করেন।

---

## পরলোকে জ্ঞানাঞ্জন নিয়োগী

অগ্নিযুগের প্রসিদ্ধ বক্তা, প্রচারশিল্পী, সমাজসেবী ও কর্ম্মী শ্রীজ্ঞানাঞ্জন নিয়োগী গত ১৩ই ফেব্রুয়ারী সন্ধ্যায় কর্ম্মরত অবস্থায় অকস্মাৎ পরলোকগমন করিয়াছেন। বাংলার রাজনৈতিক মহলে 'জ্ঞান দা' বলিয়া সুপরিচিত শ্রীজ্ঞানাঞ্জন নিয়োগী ১।৫, রাজা দীনেন্দ্র ষ্ট্রীটস্থ "শ্রমজীবি বিদ্যালয়" দারিদ্র্য কর্ম্মহীন-দের শিক্ষাদানকালে অসুস্থ বোধ করেন এবং কিছু-ক্ষণ বাদেই দেহত্যাগ করেন। মৃত্যুকালে তাঁহার ৬৫ বৎসর বয়স হইয়াছিল। তিনি তাঁহার পত্নী, এক পুত্র ও এক কন্যা রাখিয়া গিয়াছেন। তিনি মুখ্যমন্ত্রী ডাঃ বি, সি, রায়ের আশৈশব সুহৃদ ছিলেন। নেতাজী সুভাষেরও তিনি ঘনিষ্ঠ সহকর্মী ছিলেন। সুভাষচন্দ্র যখন পৌরসভার মেয়র ছিলেন তখন তিনি পৌরসভার প্রচার সচিব ছিলেন। তিনিই কমার্শিয়াল মিউজিয়াম গড়িয়া তোলেন। তিনি ন্যাশনাল চেম্বার অব কমার্সের প্রতিষ্ঠাতা সদস্য ছিলেন। ভগবান তাঁহার আত্মার শান্তি ও তাঁহার শোকসন্তপ্ত পরিবারবর্গকে সান্ত্বনা দিন।

---

সি. কে. সেনের আর একটি

অনবদ্য সৃষ্টি

পুষ্পগন্ধে সুরভিত

ক্যাস্টর আয়েল

বিকশিত কুসুমের স্নিগ্ধ
গন্ধসারে সুবাসিত এই
পরিস্রুত ক্যাস্টর
অয়েল কেশের
সৌন্দর্য্য বর্ধনে
অনুপম।

সি. কে. সেন অ্যাণ্ড কোং লিঃ

জবাকুসুম হাউস, কলিকাতা-১২

দি আর্ট ইউনিয়ন প্রিণ্টিং ওয়ার্কস

৫৫।৭, গ্রে ষ্ট্রীট, পোঃ বিডন ষ্ট্রীট, কলিকাতা—৬

টেলিগ্রাম : "আর্টইউনিয়ন" টেলিফোন : বড়বাজার ৪৫৮

প্রাথমিক, মধ্য ও উচ্চ বিদ্যালয়ের
যাবতীয় ফরম, রেজিষ্টার, গ্লোব, ম্যাপ, ব্লাকবোর্ড এবং
বিজ্ঞান সংক্রান্ত যন্ত্রপাতি ইত্যাদি
ও
ইউনিয়ন বোর্ড, বেঞ্চ, কোর্ট, দাতব্য চিকিৎসালয়,
কো-অপারেটিভ রুর‍্যাল সোসাইটী, ব্যাঙ্কের
যাবতীয় ফরম ও রেজিষ্টার ইত্যাদি
সর্ব্বদা সুলভ মূল্যে পাওয়া যায়

* * *

রবার ষ্ট্যাম্প অর্ডারমত যথাসময়ে প্রস্তুত ও ডেলিভারী হয়

আমেরিকায় আবিষ্কৃত

ইলেকট্রিক সলিউসন

— দ্বারা —

মরা মানুষ বাঁচাইবার উপায়ঃ



আবিষ্কৃত হয় নাই সত্য কিন্তু যাঁহারা জটিল রোগে ভুগিয়া জ্যান্তে মরা হইয়া রহিয়াছেন, স্নায়বিক দৌর্ব্বল্য, যৌবনশক্তিহীনতা, স্বপ্নবিকার, প্রদর, অজীর্ণ, অম্ল, বহুমূত্র ও অন্যান্য প্রস্রাবদোষ, বাত, হিষ্টিরিয়া, সূতিকা, ধাতুপুষ্টি প্রভৃতিতে অব্যর্থ পরীক্ষা করুন! আমেরিকার সুবিখ্যাত ডাক্তার পেটাল সাহেবের আবিষ্কৃত তড়িৎশক্তিবলে প্রস্তুত ইলেকট্রিক সলিউসন' ঔষধের আশ্চর্য্য ফল দেখিয়া মন্ত্রমুগ্ধ হইবেন। প্রতি বৎসর অসংখ্য মুমুর্ষু রোগী নবজীবন লাভ করিতেছে। প্রতি শিশি ১৷৷০ টাকা ও মাশুলাদি ১/০ এক টাকা এক আনা।

সোল এজেণ্ট :—ডাঃ ডি, ডি, হাজরা

ফতেপুর, পোঃ—গার্ডেনরিচ, কলিকাতা—২৪

অরবিন্দ এণ্ড কোং

মহাবীরতলা পোঃ জঙ্গিপুর ( মুর্শিদাবাদ

ঘড়ি, টর্চ, ফাউণ্টেন পেন, চশমা, সেলাই মেসিনের পার্টস্
এখানে নূতন কিনিতে পাইবেন।

এখানে সকল প্রকার সেলাই মেসিন, ফটো ক্যামেরা, ঘড়ি, টর্চ, টাইপ রাইটার, গ্রামোফোন ও যাবতীয় মেসিনারী সুলভে সুন্দররূপে মেরামত করা হয়। পরীক্ষা প্রার্থনীয়।

রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পাণ্ডত কর্ত্তৃক
সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত

## বৃত্তি লাভ

জঙ্গিপুর হাই স্কুলের প্রাক্তন শিক্ষক স্বর্গীয় গোবর্দ্ধন ভট্টাচার্য্য মহাশয়ের পৌত্রী শ্রীমান্ প্রমথনাথ ভট্টাচার্য্যের কন্যা কুমারী নীতিকা জঙ্গিপুর বালিকা জুনিয়র হাই স্কুল হইতে এম, ই বৃত্তি পরীক্ষা দিয়া মাসিক ৫৲ টাকা হিসাবে বৃত্তি লাভ করিয়াছে। আমরা নীতিকার সাফল্যে বিশেষ প্রীত হইয়া উক্ত স্কুলের শিক্ষকমণ্ডলীকে ধন্যবাদ জ্ঞাপন করিতেছি।

## বিজ্ঞাপন

এতদ্দ্বারা জনসাধারণকে এবং খরিদ্দারগণকে জানান যাইতেছে যে নিম্নলিখিত মৌজাগুলিতে আমার যে সকল খাস দখলীয় নিষ্কর সম্পত্তি বর্ত্তমান আছে, তাহা সমুদয় সত্বরেই উচিত মূল্যে রেজেষ্ট্রী-যোগে নিষ্করস্বত্ব সহ বিক্রয় করা হইবে। ক্রয়েচ্ছু ব্যক্তিগণকে রঘুনাথগঞ্জ সদরঘাট মোকামে আসিয়া সম্পত্তি সকলের পূর্ণ পরিচয় এবং মূল্য স্থির করিতে অনুরোধ করা হইতেছে। ১। মৌজা সোনাটিকরী মধ্যে বড় তালবোনা ( নওপুকুর ) এবং ছোট তাল-বোনা নামীয় পুষ্করিণী দুইটি এবং আউশ ও আমন জমি। ২। মৌজা বাঙ্গাবাড়ী, মঙ্গলজান, ঘোড়-শালা, দেউলী, গদাইপুর, লোহাড়াপাড়া, নাজিরপুর, বাঘা, তক্ষক, হাসামপুর, শাখালীপাড়া, নাইত বৈদড়া এবং আরও অন্যান্য মৌজাগুলিতে আমন ও আউশ জমি এবং পুষ্করিণী প্রভৃতি। ইতি—

১৩।২।১৯৫৬ নিষ্করদার—

শ্রীরামকৃষ্ণ পাঁড়ে, বহরমপুর।

হাল মোকাম রঘুনাথগঞ্জ কালিকা ফার্ম্মেসীর উত্তর সংলগ্ন শ্রীদেবেন্দ্রচন্দ্র রায়ের দ্বিতল বাড়ী।

## নিলামের ইস্তাহার

### *চৌকি জঙ্গিপুর ১ম মুন্সেফী আদালত*

### *নিলামের দিন ১২ই মার্চ্চ ১৯৫৬*

১৯৫৫ সালের ডিক্রীজারী

৩৮৫ থাং ডিঃ ডাঃ শান্তিময় রায় চৌধুরী দিং দেং বীণাপাণি দেবী দাবি ৮০৳/৯ থানা রঘুনাথগঞ্জ মৌজে বালিঘাটা ৫১ শতকের কাত ১৬৳৵৮ আঃ ৫০৲ থং ১০৫।১০৬

৩৮৬ থাং ডিঃ আবদুল হক বিশ্বাস দেং সুধীর কুমার রায় দিং দাবি ৪৮৳/৩ থানা রঘুনাথগঞ্জ মৌজে চর দফরপুর ৩-৯ শতকের কাত ৬৲ আঃ ৩০০৲ থং ৯৬

১৯৫ থাং ডিঃ পঙ্কজকুমার দাস দেং বিনয়কুমার মণ্ডল দাবি ১৬/৩ পাই থানা রঘুনাথগঞ্জ মৌজে আমগাছি ১৬ শতকের কাত ১৲ আঃ ১০৲ থং ৯১

৩৪৯ থাং ডিঃ পূর্ণেন্দুনারায়ণ সিংহ দেং জগবন্ধু পাল দিং দাবি ৫৯৳/৯ থানা রঘুনাথগঞ্জ মৌজে ধল ১-৪৮ শতকের কাত ৮৷৹ আঃ ১৪৫৲ থং ২০২

৩৩১ থাং ডিঃ কালীপদ সিংহ দিং দেং রাধারমণ হালদার দাবি ২৩৷/০ থানা রঘুনাথগঞ্জ মৌজে উত্তর রমনা ৭৬ শতকের কাত ৩৵০ আঃ ৭৫৲ থং ৮১৫

২৮১ থাং ডিঃ ভুজঙ্গভূষণ দাস দিং দেং শোভান সেখ দিং দাবি ১৬৵৩ থানা রঘুনাথগঞ্জ মৌজে ভাবকী ১১ শতকের কাত নিজাংশে ।/৮।— ক্রান্তি আঃ ১০৲ থং ২৮৮ রায়ত স্থিতিবান স্বত্ব

৩৫৮ থাং ডিঃ ঐ দেং ভূপেন্দ্রনারায়ণ চৌবে দিং দাবি ৪১৷/৯ পাই থানা ঐ মৌজে নওদাটুলী ১-৯৫ শতকের কাত বৃদ্ধি সহ ৭৷৬ পাই আঃ ১৯৫৲ থং ১০ ১১ ঐ স্বত্ব

৩৫৯ থাং ডিঃ ঐ দেং সেরামন নেসা বিবি দিং দাবি ৩৭/৯ মৌজাদি ঐ ৯৮ শতকের কাত বৃদ্ধি সহ ৪৷৵৯ আঃ ৯০৲ থং ১২ ঐ স্বত্ব

৩৬০ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ৩৭৷/৯ পাই মৌজাদি ঐ ৯২ শতকের কাত বৃদ্ধি সহ ৪৳১১ পাই আঃ ৯৫৲ থং ৭ ঐ স্বত্ব

৩৭৮ থাং ডিঃ ঐ দেং শ্যামাপদ রায় দিং দাবি ১২৷/৩ থানা ঐ মৌজে খড়কাটী ৫৯ শতকের কাত ।৯ পাই আঃ ৫৫৲ থং ২৭৪, ২৭৫ ঐ স্বত্ব

৩৭৯ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১৭৲৯ মৌজাদি ঐ ৩-৭১ শতকের কাত ১৲৮ পাই আঃ ৩৭০৲ থং ৩২১ ঐ স্বত্ব

৩৮০ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১৩৷/৯ মৌজাদি ঐ ৩১ শতকের কাত ৷৵৮ পাই আঃ ৫৲ থং ২৫৭ ঐ স্বত্ব

৩৮৯ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ৩০৳৶০ মৌজাদি ঐ ২৩-৪০ শতকের কাত ৪৳৶২ পাই আঃ ২০০০৲ থং ২৭১, ২৭২, ২৭৩ ঐ স্বত্ব

৩৯০ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১৩৷৶০ থানা ঐ মৌজে পিয়ারাপুর ২-৩৬ শতকের কাত ৷৶১ পাই আঃ ২৩০৲ থং ২৭০ ঐ স্বত্ব

৩৯৯ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১৬৷/৯ মৌজাদি ঐ ১১-৮৯ শতকের কাত ১।৵৪ পাই আঃ ১০০০৲ থং ২৭১ ঐ স্বত্ব

৩৯৬ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১২।৯ থানা ঐ মৌজে কৃষ্ণসাইল ১-৯৩ শতকের কাত ।/১ পাই আঃ ১৯০৲ থং ৯০ ঐ স্বত্ব

৩৯৭ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ৯৳৵৬ মৌজাদি ঐ ২৩ শতকের কাত /২ পাই আঃ ২৫৲ থং ১০১ ঐ স্বত্ব

৩৯৩ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১৩।৯ পাই মৌজাদি ঐ ৫-৬৯ শতকের কাত ৷/৪ পাই আঃ ৫৫৫৲ থং ১০২ ঐ স্বত্ব

৩৮২ থাং ডিঃ ঐ দেং তড়িৎবরণী দেবী দাবি :৪।৯ থানা ঐ মৌজে খড়কাটী ২-৯০ শতকের কাত ৳/১১ পাই আঃ ২৯০৲ থং ১৪২ ঐ স্বত্ব

৩৯৫ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১৬৵৯ থানা ঐ মৌজে কৃষ্ণসাইল ও আইটলঘাটা ৩০১ শতকের কাত ১।১১ পাই আঃ ৩০০৲ থং ৪৯, ১২ ঐ স্বত্ব

৩৯৮ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১১৳/৩ পাই থানা ঐ মৌজে কৃষ্ণসাইল ৬২ শতকের কাত ৶০ আঃ ৬০৲ থং ৪৮ ঐ স্বত্ব

৩৯১ থাং ডিঃ ঐ দেং অক্ষয়কুমার দাস ওরফে সাগর দাস দাবি ৩৬৳/৩ থানা ঐ মৌজে বাহুরা ২০ শতকের কাত ৫৲ আঃ ২০৲ থং ১৬ ঐ স্বত্ব

৩৯২ থাং ডিঃ ঐ দেং খুদুমণি দাসী দাবি ৩৪৷/১ মৌজাদি ঐ ১৫ শতকের কাত ৪।৵০ আঃ ১৫৲ থং ১৯ ঐ স্বত্ব

৩৯৪ থাং ডিঃ ঐ দেং সৌদামিনী দাসী দিং দাবি ১৫৷৶৯ থানা ঐ মৌজে বড়শিমূল ১৬ শতকের কাত ১৶২ পাই আঃ ১৬৲ থং ৮৭ ঐ স্বত্ব

৩৮১ থাং ডিঃ ঐ দেং তোজম্মলহোসেন সেখ দাবি ২০৲৯ থানা ঐ মৌজে হুদরাপুর ৭০ শতকের কাত ২।/৩ পাই আঃ ৭০৲ থং ২২৩, ৫১ ঐ স্বত্ব

২৩৫ থাং ডিঃ পদ্মকামিনী দেবী দেং বাবুলাল দাস দাবি ৩২৷/৯ থানা রঘুনাথগঞ্জ মৌজে সোনা-টিকুরী /৪ কাঠার কাত ২৲ আঃ ৮৲ থং ৭৭ রায়ত স্থিতিবান স্বত্ব

২৯৩ থাং ডিঃ নির্ম্মলকুমার সিংহ নওলক্ষা দেং সুরেশচন্দ্র রায় দাবি ৪৬৳৶৬ থানা রঘুনাথগঞ্জ মৌজে দক্ষিণপাড়া ১-৬০ শতকের কাত নিজাংশে ২৲ আঃ ৯০৲ থং ৮০২

৬৬৬ থাং ডিঃ বিমল সিংহ কুঠারী দেং গোপাল মণ্ডল দিং দাবি ১৮৷৵০ থানা রঘুনাথগঞ্জ মৌজে তালাই ১-০৬ শতকের কাত ৫৷৵০ আঃ ১০০

৬৬৯ থাং ডিঃ ঐ দেং আল্লারাখা মোল্লা দাবি ২০।৶৩ মৌজাদি ঐ ১-২৩ শতকের কাত আঃ ১২০৲ থং ৪৪৩

সুন্দররূপে পরীক্ষা প্রার্থনীয়।

৩১০ থাং ডিঃ ঐ দেং যোগেন্দ্রনারায়ণ দাস দাবি ২২৷৶৩ মৌজাদি ঐ ১-১৩ শতকের কাত ৮৷৹ আঃ ১৬৫৲ খং ৯১, ৯৪, ৪৬১

৩১১ থাং ডিঃ ঐ দেং মদনমোহন হালদার দাবি ১৩৷৹ মৌজাদি ঐ ৩০ শতকের কাত ১৲ আঃ ৩০৲ খং ১১৮

৩১৩ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১২৷৬ মৌজাদি ঐ ৮৭ শতকের কাত ১৲ আঃ ৮০৲ খং ৬০, ৬০।১, ৬০।২

৩১৪ থাং ডিঃ ঐ দেং মেনকা দেবী দাবি ১৩৸৹ মৌজাদি ঐ ১-৪৪ শতকের কাত ২৶৹ আঃ ১৪০৲ খং ২১০

৩১৬ থাং ডিঃ ঐ দেং উমারাণী দেবী দিং দাবি ৪৯৷৶৩ মৌজাদি ঐ ৩-৬৫ শতকের কাত ১৪৲ আঃ ৩৬০৲ খং ২৩৮

৩১৭ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ২৬৶৬ মৌজাদি ঐ ৯৬ শতকের কাত ৫৲ আঃ ৯৫৲ খং ২৩৯

১৬০ থাং ডিঃ সেবাইত ও স্বয়ং মণিমোহন চৌধুরী দেং খাতিজা বিবি দাবি ২৬৷৵৩ থানা রঘুনাথগঞ্জ মৌজে নিস্তা ৬০ শতকের কাত ৩৸৵৹ আঃ ৬০৲ খং ৩২০ রায়ত স্থিতিবান স্বত্ব

২৪৬ থাং ডিঃ নৃপেন্দ্রনারায়ণ বসু সর্ব্বাধিকারী দেং জুনাব মণ্ডল দিং দাবি ৪১৸৵৩ থানা রঘুনাথগঞ্জ মৌজে নরেন্দ্রপুর ৩-৩৯ শতকের কাত ১১।৶১৯৷৹ আঃ ৩৩০৲ খং ১০১৪

৩১৪ থাং ডিঃ বাঁশরীমোহন সেন দিং দেং হরিহর ঘোষাল দিং দাবি ৮৫৸৶৯ থানা রঘুনাথগঞ্জ মৌজে মণ্ডলপুর ১-৫০ শতকের কাত নিজাংশে ৮৷৵১১ পাই আঃ ১৫০৲ খং ১৬৫

৩৮৩ থাং ডিঃ মনোহর দাস মহান্ত দিং দেং শ্যামাপদ রায় দিং দাবি ২২৬৸৶৹ থানা রঘুনাথগঞ্জ মৌজে আম্রপনগর ৫১-৭৯ শতকের কাত ৫৯৷৯ আঃ ১৫০০৲ খং ১৮২ অধীনস্থ খং ১৮৪ হইতে ২৩১ মৌজে আইটালঘাটা খং ২৪ অধীনস্থ খং ২৬ হইতে ৩৫

৩৮৪ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ৪৬৵৩ পাই থানা ঐ মৌজে কৃষ্ণসাইল ১-৯৪ শতকের কাত ৭৸/৬ আঃ ১৯০৲ খং ৪৯

১ থাং ডিঃ যতীশচন্দ্র ঘোষ দেং সোলেমান সেথ দাবি ২৪৷৵৬ পাই থানা সুতী মৌজে কুসুম- ৯ শতকের কাত ৩ আঃ ৩০৲ খং ৪৫৫

২২২ থাং ডিঃ রায় জ্ঞানেন্দ্রনারায়ণ চৌধুরী বাহাদুর দিং দেং বিদগ্ধগোপাল দাস দাবি ৮৯৸৵৹ থানা রঘুনাথগঞ্জ মৌজে চর এনায়েতনগর ১৪/৹ বিঘা জমির কাত ২২৸৹ খং খাস ১৫১ দাগ ২৫৪, ২৫৫, ২৫৬, ২৫৭, ২৫৮, ২৫৯ স্থিতিবান স্বত্ব

৫২ মনি ডিঃ কামাখ্যাচরণ কুণ্ডু দেং জগদিন্দ্রনাথ চৌধুরী দাবি ১৮৩/৬ থানা সাগরদীঘি মৌজে বেলড়িয়া ১-৮২ শতক রামসাগর পুষ্করিণী জলপাহাড় সহ দেন্দারের ।৵৹ আনা অংশ আঃ ৫০৲ খং ৩৬৬

১৯৫৬ সালের ডিক্রীজারী

২১ থাং ডিঃ সুধীরকুমার সরকার দিং দেং সরোজিনী দাসী দাবি ৩৮৻৩ থানা রঘুনাথগঞ্জ মৌজে জোতকমল ৪ শতকের কাত নিজাংশে ।৹ আনা আঃ ১০৲ খং ৬২ কোর্ফা

## চৌকি জঙ্গিপুর ২য় মুন্সেফী আদালত নিলামের দিন ১৯শে মার্চ্চ ১৯৫৬

১৯৫৫ সালের ডিক্রীজারী

২৫৯ থাং ডিঃ পূর্ণেন্দুনারায়ণ সিংহ দেং সত্য-নারায়ণ সিংহ দিং দাবি ২২৻৬ পাই থানা সাগরদীঘি মৌজে ভূমিহর ১৯ শতকের কাত ১৲ আঃ ১০৲ খং ৪৩৭

৩০৭ থাং ডিঃ ভোলানাথ মণ্ডল দেং মকবুল সেথ দিং দাবি ৫৫৵৬ পাই থানা সাগরদীঘি মৌজে ডিহি বরজ ২-৩১ শতকের কাত ১৪৲ আঃ ১০৲ খং ৩১, ২৭

২২৩ থাং ডিঃ গৌরচন্দ্র আলিপাত্র দিং দেং জবেদালী বিশ্বাস দাবি ৫৬৸/৹ থানা সুতী মৌজে হিলোড়া ১-৯৩ শতকের কাত ৭৸৶৩ আঃ ১০০৲ খং ২২৭০

২৯০ থাং ডিঃ মহারাজ বাহাদুর সিংহ দেং গোপালচন্দ্র চট্টোপাধ্যায় দাবি ১২৮৸৶৹ থানা সাগরদীঘি মৌজে বন্যেশ্বর, দক্ষিণগ্রাম ২৫-৩৬ শতকের কাত ৬৪৵৫ আঃ ১০০৲ খং ৯৫, ১৭

২০৩ থাং ডিঃ ঐ দেং অম্বুজকুমার দে দিং দাবি ৩০৵৬ পাই থানা ঐ মৌজে বন্যেশ্বর ১-০২ শতকের কাত ৪।৹ আঃ ৫০৲ খং ৪১।৪২

২৯৪ থাং ডিঃ ঐ দেং ইমানী দেওয়ান দিং দাবি ৫২৷৵৯ থানা ঐ মৌজে জিনদীঘি ৬-০৭ শতকের কাত ১০৻৫ আঃ ২০০৲ খং ২১৩

২৮৪ থাং ডিঃ তারাপদ বন্দ্যোপাধ্যায় দিং দেং দয়াময়ী দেবী দিং দাবি ৫৮৵৬ পাই থানা সাগরদীঘি মৌজে বড়গড়া ১১-২৪ শতকের কাত ১৪৸৹ আঃ ২০০৲ খং ২৪০

৩২৯ থাং ডিঃ বিমল সিংহ কুঠারী দেং সন্তোষ কুমার রায় দিং দাবি ৬৯৷/৬ পাই থানা ঐ মৌজে রতনপুর ১-৮৫ শতকের কাত ৭/১১ আঃ ৫০৲ খং ১৯৫

৩৩১ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ২৪।৶৹ মৌজাদি ঐ ১-০০ শতকের কাত ৩৵৯ আঃ ২৫৲ খং ১৯৭

৩৩২ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ৩০৵৯ পাই মৌজাদি ঐ ১-১৬ শতকের কাত ৪৸২ আঃ ২৫৲ খং ১৯৬

৩৩৩ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১৪৷৶৩ পাই মৌজাদি ঐ ৫২ শতকের কাত ৸/১১ আঃ ২০৲ খং ৩২৬ মধ্যে

২১২ থাং ডিঃ সুধাকর রায় দেং উমাপতি মুখোপাধ্যায় দাবি ২১৵৩ পাই থানা সাগরদীঘি মৌজে দক্ষিণ দেবগ্রাম ও জেঠা মধ্যে ১-৬৭ শতকের কাত ৪।৹ আঃ ১০০৲ রায়ত স্থিতিবান

২১৫ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ৫০৸৬ পাই থানা ঐ মৌজে দক্ষিণ দেবগ্রাম ও দুর্গাপুর ৪-২৮ শতকের কাত ১১/৭ আঃ ২০০৲ খং ৪১৭, ১৩৯ রায়ত মোকররী

৩৩৫ থাং ডিঃ নবকুমার সিংহ দুধোরিয়া দিং দেং সাউম সেথ দিং দাবি ৯০৷৵৹ থানা সাগরদীঘি মৌজে গাঙ্গাড্ডা ৩-৮৫ শতকের কাত ২৩৸৩ আঃ ১০০৲ খং ৪৮৮ রায়ত মোকররী স্বত্ব

৩৩৬ থাং ডিঃ ঐ দেং সামাইল সেথ দিং দাবি ৪০।৶৯ পাই মৌজাদি ঐ ২৬ শতকের কাত ৪।১৫ আঃ ২০৲ খং ৪১১ অধীনস্থ খং ৪১২, ৪১৩ রায়ত স্থিতিবান স্বত্ব

৩৩৯ থাং ডিঃ ঐ দেং ইসা মহম্মদ সেথ দিং দাবি ৯৫৷৶৬ পাই মৌজাদি ঐ ২-৫৯ শতকের কাত ১৮৲ আঃ ১০০৲ খং ৪৬৯ ঐ স্বত্ব

৩৩৮ থাং ডিঃ ঐ দেং বিজয় সাহা দিং দাবি ৪৮।/৹ থানা ঐ মৌজে অনুপপুর ১-৩৮ শতকের কাত ৬৷/৩ আঃ ৫০৲ খং ৫২ ঐ স্বত্ব

---

রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্ত্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।